

বিদায় বেলায় রঙের মেলায় বেরোবির মার্কেটিং শিক্ষার্থীরা

প্রতিনিধি, রোকেয়া বিশ্ববিদ্যালয়

'আজ সৃষ্টি সুখের উল্লাসে, মোর মুখ হাসে মোর চোখ হাসে মোর টগবগিয়ে খুন হাসে। আজ সৃষ্টি সুখের উল্লাসে।' ইয়া হাসবেই তো! সত্যিই এ এক অন্যরকম সৃষ্টি সুখের উল্লাস। চাইলেও যে উল্লাস আর আনন্দ ভাষায় প্রকাশ করা যায় না। এ উল্লাস-আনন্দ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের।

চার বছরের অনার্স জীবন শেষ হয়ে যাচ্ছে মার্কেটিং ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের। বিশ্ববিদ্যালয়ের জীবনের রঙিন সময়গুলোকে স্মরণীয় করে রাখতে শিক্ষার্থীরা আয়োজন করেন র্যাগ-ডে নামক অনুষ্ঠানের। যেটাকে বলা হয় একটা বিশেষ সময়ের শেষ বা বিদায় অনুষ্ঠান। আর এদিক থেকে পিছিয়ে নেই মার্কেটিং বিভাগ।

গত রোববার ও সোমবার ছিল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ৪র্থ ব্যাচের ২ দিন ব্যাপী অনার্স সমাপনী 'র্যাগ ডে'।

সকালে ধরধবে সাদা টি-শার্ট পরে সবাই জড়ো হয় ডিপার্টমেন্টের সামনে। এসময় শিক্ষার্থীরা যেন কোনও এক মুক্ত দিগন্তে একদল সাদা বকের দল। দেখে মনে হচ্ছিল সাদা বকের দল এই বুঝি এবার উড়াল দিবে, চলে যাবে অজানা কোনো এক দেশে। এ এক অন্য রকম পরিবেশ। কেউ রোমান্টিক খোশগল্প, কেউ ক্যামেরাবন্দি করছিল উচ্ছল বন্ধু-বান্ধবীর ছবি। এই দিনটিকে ঘিরে ৪র্থ ব্যাচের শিক্ষার্থীরা মেতে ছিলেন উৎসবের আমেজে। দিনটিকে স্মরণীয় করে রাখতে নাচ, গান, র্যালিসহ নানা অনুষ্ঠানের আয়োজন করেছিল তারা। রোববার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সামনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে কেক কেটে দিনব্যাপী অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিভাগের সন্মানিত শিক্ষকগণ। এরপর একটি র্যালি বিশ্ববিদ্যালয়ের বিবিএ ভবন থেকে শুরু হয়ে রংপুর শহরের বিভিন্ন জায়গা ঘুরে আবারও বিবিএ ভবনে এসে মিলিত হয়। এ সময় বিভাগের চেয়ারম্যান শেখ মাজেদুল হক, ব্যবসায় অনুষদের সাবেক ডিন ও বিভাগের সহযোগী অধ্যাপক মো. ফেরদৌস রহমান, প্রভাষক মো. শাহজালাল ও মো. নূরনবী ইসলামসহ বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।